# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৩-১৫৬৭ তারিখ ঃ ১২/১২/২০২৩ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভা নম্বর | ঃ ১২ (বারো) |
| সভার সভাপতি | ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি (TLCC) মানিকগঞ্জ পৌরসভা |
| সভার নাম | ঃ পৌরসভা শহর সমন্বয় কমিটির (TLCC) সভা, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ ১২ ডিসেম্বর ২০২৩ ইং |
| বার | ঃ মঙ্গলবার |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ পৌরসভার সভা কক্ষ |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও চেয়ারপার্সন, মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)'র সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যদেরকে আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ ইং মহান বিজয় দিবসের অগ্রীম শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনী আচরণবিধি মেনে চলার এবং সুষ্ঠু ও অবাধ নির্বাচনে উপস্থিত সকলের সহায়তা কামনা করেন। তিনি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে পৌর এলাকার সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কল্পে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন_তিনি বলেন মানিকগঞ্জ পৌরসভায় বিভিন্ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। আমি ব্যক্তিগত ভাবে প্রায় সময় বিভিন্ন মন্ত্রণালয় ও প্রকল্প অফিসে যোগাযোগ রাখার চেষ্টা করছি, কি ভাবে নতুন নতুন প্রকল্পে মানিকগঞ্জ পৌরসভাকে অন্তর্ভুক্ত করা যায় এবং প্রকল্পের বরাদ্দ আরো বৃদ্ধি করা যায়। আপনারা শুনে খুশি হবেন যে, আমার একান্ত ব্যক্তিগত প্রচেষ্টায় ইতোমধ্যে মানিকগঞ্জ পৌরসভায় শহর উন্নয়ন প্রকল্পের উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য ৫০ (পঞ্চাশ) কোটি টাকার একটি বরাদ্দ কার্যক্রর্ম পরিকল্পনা মন্ত্রনালয়ে রয়েছে। তিনি বলেন প্রকল্প সমূহের উন্নয়ন কাজ বাস্তবায়নে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। তিনি সকল সদস্যদেরকে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার আহ্বান জানান এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভায় সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

আলোচ্য সূচী ঃ ০১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

আলোচনা ঃ সভায় চেয়ারপারসন কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী সভা সমূহের কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণী সমূহের উপর বিস্তারিত আলোচনা ও শ্রবণান্তে কোনরূপ পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী সমূহ অনুমোদনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

সার্বিক আলোচনা ঃ টিএলসিসির সম্মানিত সদস্য ও ০৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় চিত্ত বিনোদনের তেমন কোন ব্যবস্থা নেই। কোন জাতীয় দিবস ও ধর্মীয় দিবস সমূহে বা চিত্ত বিনোদনের প্রয়োজনে প্রতিদিন পৌর এলাকার লোকজন বেউথা রমজান আলী ব্রীজের উপর সময় কাটায়। তিনি বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সরকার দেশে অভুতপূর্ব উন্নয়ন করেছেন। বর্তমানে সারা বিশ্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। ভবিষ্যতে টেকসই স্থিতিশীল উন্নয়নের জন্য শেখ হাসিনা সরকার বারবার দরকার। মানিকগঞ্জ পৌরসভার বারবার নির্বাচিত সুনাম ধন্য মেয়র এশিয়া মহাদেশের শ্রেষ্ঠ শিক্ষানুরাগী আলহাজ্ব জনাব মোঃ রমজান আলী বর্তমান সরকারের প্রধানমন্ত্রী শেখ অতি সুপরিচিত। মেয়রের নিরলস প্রচেষ্টায় যে কোন কাজ উপর মহল হতে বাগিয়ে আনা তার পক্ষে সম্ভব। তাই আমি ব্যক্তিগত ভাবে মনে করি মেয়র ইচ্ছে করলেই মানিকগঞ্জ পৌরসভার অভ্যন্তরে একটি শিশুপার্ক নির্মাণ করতে পারবে।

জনাব এ্যাডভোকেট এটিএম শাহজাহান, কুশেরচর, মানিকগঞ্জ-উপস্থিত সকলকে সালাম জানান। তিনি সভাকে অবহিত করেন যে, বর্তমান পরিস্থিতিতে মানিকগঞ্জ পৌর এলাকায় একটি শিশুপার্ক নির্মাণ করা অতীব জরুরী হয়ে পড়েছে। আমি ব্যক্তিগত ভাবে মনে করি মেয়র রমজান আলীর হাত অনেক প্রশস্ত। শিশুপার্ক নির্মাণ বিষয়ে পৌর বাসীর মনের দাবি প্রাণের দাবি। এরকম কাজ বাস্তবায়ন করা তার পক্ষে কঠিন কোন বিষয় নয়। তাই আমাদের সকলের দাবি মেয়রের মাধ্যমে মানিকগঞ্জ পৌর এলাকায় একটি উন্নত মানের শিশু পার্ক নির্মাণ কাজের প্রকল্প বাস্তবায়ন করা। তাই যতদ্রুত সম্ভব পৌর এলাকায় শিশুপার্ক নির্মাণ কাজের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার আহবান জানান।

কমিটির চেয়ারপার্সন সভাকে অবহিত করেন যে, পৌর এলাকায় শিশু পার্ক নির্মাণের জন্য তেমন কোন জায়গা নেই। বেউথা রমজান আলী ব্রীজ হতে পূর্ব দিকে করিম ফকিরের বাড়ি পর্যন্ত আমার নিজস্ব জমি রয়েছে। সেই জায়গার মূল্য বর্তমানে অনেক। আমার জায়গা যদি শিশু পার্কের জন্য দান করি তাহলে প্রকল্পের মাধ্যমে পার্কের যাবতীয় স্থাপনা নির্মাণ করা যাবে। জনাব এ্যাডভোকেট এটিএম শাহজাহান, কুশেরচর, মানিকগঞ্জ- মেয়রের বক্তব্যের পরিপ্রেক্ষিতে বলেন মেয়র রমজান আলী যদি বেশ কয়েক কোটি টাকার মূল্যবান জায়গা শিশুপার্কের জন্য দান করেন তাহলে শিশু পার্কটি মেয়র রমজান আলীর নামে করা যেতে পারে। এ জন্য একটি কমিটি গঠণ করা যেতে পারে। গঠিত কমিটি শিশুপার্ক নির্মাণ সংক্রান্ত যাবতীয় তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করবেন। শিশু পার্কটি রমজান আলীর নামে করার জন্য উপস্থিত সকল সদস্য হাত উঠিয়ে সম্মতি জ্ঞাপন করেন। কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ জাহিদুল ইসলাম, সাং- জয়রা, মানিকগঞ্জ- সভাকে অবহিত করেন যে, মেয়র মোঃ রমজান আলী শিশু পার্কের জন্য জায়গা দান করবেন এ জন্য পৌর আওয়ামী লীগের পক্ষ হতে প্রাণ ঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানান। মেয়রের এ উদ্যোগকে স্বাগত জানান। তিনি বলেন কৃতির মাধ্যমেই একজন মানুষ স্বরণীয় বরণীয় হয়ে থাকে অনন্তকাল। তাই মেয়র মোঃ রমজান আলী শিশু পার্কটি নির্মাণ করলে পৌরবাসী অনেক উপকৃত হবে এবং তার নাম যুগযুগ ধরে মানুষের হৃদয়ে গাথা থাকবে। তিনি আরো বলেন প্রকল্পের নির্দেশনা মোতাবেক পৌরসভার প্রতিটি ওয়ার্ড কাউন্সিলর তার নিজ নিজ এলাকার বকেয়া কর পরিশোধে জনগণকে উদ্ধুদ্ধ করতে পারে। তিনি তার বাড়ির সামনের রাস্তা অর্থাৎ বাংলাদেশ হাট রাস্তা হতে জয়রা কলেজ রোড হয়ে পূর্ব দিকে জাহিদুল ইসলামের বাড়ী পর্যন্ত রাস্তাটি উন্নয়নের জোর দাবি সহ মালঞ্চ মেন্দিবাগ হতে বকজুরী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তাটির বেহাল অবস্থা একটু বৃষ্টি হলেই কাদা জমে চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। অতি বর্ষণের সময় বেশ কয়েকটি বাড়ি ঘর ধ্বসে গিয়েছে। তাই জরুরী ভিত্তিতে রাস্তাদুটির উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জোর দাবি জানাচ্ছি। কমিটির আরেক সদস্য জনাব মোঃ জাফর শেখ, বোয়ালিয়া, মানিকগঞ্জ- উপস্থিত সকলকে সালাম জানান। তিনি সভাকে অবহিত করেন যে, পৌর এলাকার বিভিন্ন স্থানে পানির অপচয় হচ্ছে। আমরা পানি পাইনা কিন্তু অনেকে মটর দ্বারা ট্যাংকি ভরে রাখে এবং পৌরসভার পানির লাইনের পানি দিয়ে ইরি খেত করে সবজি খেত করে। যাহা দুঃক্ষ জনক। তাই পৌরসভার পানি ব্যবস্থাকে আরো গুরুত্বের সহিত দেখভালের অনুরোধ জানান। তিনি আরো বলেন বেউথা ঘাট হতে পূর্ব দিকে রাস্তার ধারে বালি রেখে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি করছে। একটু বাতাস এলেই বালি উড়ে এসে জন-সাধারণের চোখে মুখে লাগে। তাই বিষয়টি গুরুত্বের সহিত তদারকি করার আহবান জানান। কমিটির সদস্য জনাব মোঃ আব্দুস ছালাম,পশ্চিম সেওতা, মানিকগঞ্জ- সভাকে জানান যে, পশ্চিম সেওতা মসজিদের সামনে একটি ডাস্টবিন স্থাপন করা জরুরী হয়ে পড়েছে। মসজিদের মুসুল্লিগণ ময়লার স্তুপের গন্ধে অতিষ্ট হয়ে গেছে। বায়ুদুষণ কল্পে উল্লেখিত স্থানে ডাস্টবিন স্থাপন করার আহবান জানাচ্ছি। কমিটির সদস্য জনাব কাজী শিউলী, উত্তর সেওতা, মানিকগঞ্জ- সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে পানির লাইনের অবস্থা করুণ ছিল। বর্তমানে পৌরসভার পানির লাইনের অবস্থা খুবই ভাল। আমাদের এলাকায় নিয়মিত পানি পাচ্ছি। এ জন্য আমাদের এলাকার পক্ষ হতে এবং সভায় উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে মেয়রকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি আরো বলেন মেয়র সাহেব আমাদেরকে শিশুপার্ক উপহার দিবেন এ জন্য তাকে আবারো অগ্রীম শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

কমিটির সদস্য জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ- উপস্থিত সকলকে সালাম জানান। তিনি বলেন আমাদের পৌর পিতা জনাব মোঃ রমজান আলী পৌর পরিষদ ও আপনাদেরকে সাথে নিয়ে ধারাবাহিক ভাবে বিভিন্ন প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য আপ্রাণ চেষ্টা সহ তিনি পৌর বাসীর সেবার মান বৃদ্ধির জন্য নিরলস ভাবে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। মানিকগঞ্জ পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)'র সভায় সম্মানিত সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করছি। পৌর নাগরিকদের সেবা দেওয়ায় জন্য পৌর পরিষদ প্রতিশ্রুতিবদ্ধ। কাউন্সিলর হিসেবে মেয়রের সহযোগিতা নিয়ে সকল প্রকার নাগরিক সেবা দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করছি। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), এলজিইডি, ভবন, লেভেল-১২, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭- হতে ইতোমধ্যে প্রায় ০৫টি পত্র পাওয়া গিয়েছে। পত্র সমূহ সভায় উপস্থাপন করা হয়। তিনি আরো জানান যে, IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী বকেয়া বিদ্যুৎ বিলের ৭৫% পরিশোধ সহ বিদ্যুৎ বিল হালনাগাদ করন, BMDF বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক ঋণ গৃহিত হলে বকেয়া ঋণের কিস্তি ৭৫% পরিশোধ পূর্বক ঋণের কিস্তি হালনাগাদ করে টেলিফোন বিল পরিশোধ সহ কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতার যাবতীয় তথ্য হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। অন্যথায় প্রকল্পে অর্থ ছাড় করা হবেনা মার্ম পত্র সমূহে উল্লেখ করেছেন। তিনি আরো বলেন যে, পৌর পানি সরবরাহ শাখায় পানির বিল বকেয়া রয়েছে। উক্ত বকেয়া পানির বিল উত্তোলনের বিষয়ে উদ্যোগ গ্রহণের আহবান জানান। হোল্ডিং ট্যাক্স, বিভিন্ন পৌর কর এবং সে সমস্ত ইউটিলিটি সেবা পৌরসভার মাধ্যমে প্রদান করা হয় তার যাবতীয় ফি যথাসময়ে পরিশোধ করারও আহবান জানান। তিনি আরো বলেন IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী GESIAP & PRAP যথাযথ ভাবে গঠণ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। IUGIP প্রকল্পের নির্দেশনা মোতাবেক রাজস্ব বাজেটের ১% অর্থ GESIAP & PRAP বরাদ্দ রাখার নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রস্তুত করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে GESIAP & PRAP বরাদ্দ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা রাখা হয়েছে। কিন্তু প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী ১% অর্থ বরাদ্দ রাখা হয়নি। প্রকল্পের নিয়ম অনুযায়ী ১% অর্থ বরাদ্দ রাখা বাধ্যতা মূলক হওয়ায় বাজেটে বরাদ্দ বৃদ্ধি পূর্বক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার স্থলে ৪৩,৬০,০০০/- (তেতাল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা বৃদ্ধি করা যেতে পারে। উল্লেখিত বরাদ্দ আগামী সংশোধিত বাজেটে সমন্বয় করা যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ বলেন IUGIP প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যে কোন পরিবর্তন ও সংশোধন করার বিষয়ে সকলের সম্মতি জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত ঃ (১) মেয়র মোঃ রমজান আলী বিনা অর্থে শিশু পার্ক নির্মাণের জন্য জায়গা দান করলে শিশুপার্কটি মেয়র রমজান আলীর নামে নাম করণের সুপারিশ গৃহীত হলো এবং শিশুপার্কেজমি সংগ্রহ করার জন্য নিম্নলিখিত ০৭(সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠণের সুপারিশ গৃহীত হলো।

শিশুপার্ক নির্মানে জমি সংগ্রহের কমিটি নিম্নরুপঃ-

| ক্র ঃ নং- | নাম | পদবি | কমিটির পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ উজ্জল হোসেন | ০৯ নং ওয়ার্ডে কাউন্সিলর | আহবায়ক |
| ০২ | জনাব আব্দুর রাজ্জাক রাজা | প্যানেল মেয়র-১ | সদস্য |
| ০৩ | জনাব মোঃ তছলিম মিয়া | প্যানেল মেয়র-২ | সদস্য |
| ০৪ | জনাব জেসমিন আক্তার | প্যানেল মেয়র-৩ | সদস্য |
| ০৫ | জনাব আবু মোঃ নাহিদ | ০৮ নং ওয়ার্ডে কাউন্সিলর | সদস্য |
| ০৬ | জনাব এ্যাডভোকেট এটিএম শাহজাহান | সদস্য,শহর সমন্বয় কমিটি | সদস্য |
| ০৭ | জনাব মোঃ আব্দুল করিম বিশ্বাস | সদস্য,শহর সমন্বয় কমিটি | সদস্য |

(২) বাংলাদেশ হাট রাস্তা হতে জয়রা কলেজ হয়ে জাহিদুল ইসলামের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন ও মালঞ্চ মেন্দিবাগ হতে বকজুরী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা উন্নয়ন সহ পশ্চিম সেওতা মসজিদের সামনে ডাস্টবিন স্থাপন করার সুপারিশ গৃহীত হলো।

(৩) নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা অনুযায়ী বকেয়া বিল সমূহ পরিশোধ করার জন্য মেয়র, মানিকগঞ্জ-কে দায়িত্ব প্রদান করার সুপারিশ গৃহীত হলো।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

(৪) সকল প্রকার সেবা প্রদানের পূর্বে হোল্ডিং ট্যাক্স, পৌর পানির বিল, দোকান ভাড়া ইত্যাদি আদায় পূর্বক সেবা প্রদানের সুপারিশ গৃহিত হলো এবং প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা, বকেয়া বিদ্যুৎ বিল, টেলিফোন বিল BMDF এর বকেয়া কিস্তির অর্থ পরিশোধের জন্য মেয়রকে দায়িত্ব প্রদান করা হলো।

(৫) GESIAP & PRAP- এ প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী বাজেটের ১% অর্থ হিসেবে ধার্যের নির্দেশনা রয়েছে কিন্তু পূর্বে GESIAP & PRAP- এ ধার্য ছিল ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা করে। প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী বাজেটের ১% হিসেবে GESIAP & PRAP- এ ৪৩,৬০,০০০/- (তেতাল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা করে বৃদ্ধি করার এবং আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেটে সমন্বয় করার সুপারিশ গৃহীত হলো।

(৬) IUGIP প্রকল্পের মাসিক ও ত্রৈমাসিক রির্পোট যথাযথ ভাবে তৈরী পূর্বক নির্ধারিত সময়ে প্রকল্প অফিসে প্রেরনের সুপারিশ গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
চেয়ারপাসন
পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৩-১৫৬৭ তারিখ ঃ ১২/১২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, শের-ই-বাংলা নগর, আগারগাও, ঢাকা
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
০৪। জনাব........................................................ কাউন্সিলর (সকল), মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব ........................................................, সদস্য, শহর সমন্বয় কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
০৬। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
চেয়ারপাসন
পৌরসভা শহর সমন্বয় কমিটি (TLCC)

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।